

# বাংলাদেশ গেজেট



## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১২, ২০১৮

### সূচীপত্র

পৃষ্ঠা নং

- ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রিমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।
- ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রিমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।
- ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।
- ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।
- ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাস্ট, বিল ইত্যাদি।
- ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রিমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধিস্থন ও সংযুক্ত দণ্ডরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

পৃষ্ঠা নং	পৃষ্ঠা নং
১৬৭—১৭৮	৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রাকাশিত অধিস্থন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।
৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্মোরেশন কর্তৃক অর্থের বিনিয়োগে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
৮৩৭—৮৬৩	ক্রোড়পত্র—সংখ্যা
	(১) . . . . . সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।
	(২) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।
নাই	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।
নাই	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।
নাই	(৫) . . . . . তারিখে সমাপ্ত সংগ্রহে বাংলাদেশের জেলা এবং শহরে বলৱারা, গুটি বস্তন, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সামগ্রীক পরিসংখ্যান।
৩০৫—৩৩৬	(৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদণ্ডের কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক এন্ট্রি তালিকা।

### ১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রিমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখঃ ২০ ফেব্রুয়ারি ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৭.১৭-১২৮—The Insurance Corporations Act, 1973 এর ৭(১) ও ৭(৩) ধারার প্রদত্ত ক্ষমতাবলে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্যবেক্ষণ পরিচালক জনাব মনিন্দু নাথ রায়, অতিরিক্ত সচিব (পিআরএল), অর্থ বিভাগ এর পরিবর্তে জনাব মোঃ মতিয়ার রহমান, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা-কে উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্যবেক্ষণ পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ৩(তিনি) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ রিজওয়ানুল হুদা  
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৬৭ )

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৬

আদেশাবলী

তারিখঃ ২৪ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ/০৬ ফেব্রুয়ারি ২০১৮

নং আর-৬/৭এন-৫১/২০১৭-৮৮—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব আশুতোষ কুমার পাল, পিতা-মৃত আনন্দ মোহন পাল-কে সম্পূর্ণ বাংলাদেশ অধিক্ষেত্রে জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিনি) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

- (ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নেটোরীরপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;
- (খ) ১৯৬৪ সনের নেটোরী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নেটোরীরপে সম্পাদিত যাবতীয় কার্মের একটি বিবরণী(রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখঃ ২৯ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি ২০১৮

নং আর-৬/৭এন-০২/২০১৮-৫০—সরকার নেটোরী অধ্যাদেশ,  
১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সুব্রত কুমার দত্ত, পিতা-সুধীর চন্দ্র দত্ত-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে জন্য নেটোরী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিনি) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

- (গ) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নেটোরীরপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;
- (ক) ১৯৬৪ সনের নেটোরী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নেটোরীরপে সম্পাদিত যাবতীয় কার্মের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ সোহেল আহমেদ  
উপসচিব (প্রশাসন-২)।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
প্রশাসন শাখা-৫

প্রজাপনসমূহ

তারিখঃ ৩০ মাঘ ১৪২৪/১২ ফেব্রুয়ারি ২০১৮

নং ২৫ .০০.০০০০.০১৮.২৭.০২০.১৭-৫৭—যেহেতু, জনাব মোহাম্মদ পারভেজ খাদেম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অডিট বিভাগ, ঢাকায় কর্মরত অবস্থায় মন্ত্রিপরিষদ বিভাগে ১২-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বার্ষিক ত্রয়সংক্রান্ত সভায় ‘কনস্ট্রাকশন অফ ইলেকশন রিসোর্স সেন্ট্র’র প্রকল্পে কাজ বাস্তবায়নের সঠিক তথ্য উপস্থাপন করতে পারেননি। সে কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৪-১২-২০১৭ তারিখ কারণ দর্শানো নোটিশের লিখিত জনাব প্রদান করেন এবং ২৮-০১-২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উভয় পক্ষের শুনানি ও বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ রাষ্ট্রপক্ষ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়নি;

সেহেতু, জনাব মোহাম্মদ পারভেজ খাদেম, নির্বাহী প্রকৌশলী, এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০১৮.২০১০/৫৮—যেহেতু, জনাব এম.এ.মনিম ওরফে মোঃ আব্দুল মুনিম, (বর্তমানে নির্বাহী প্রকৌশলী, সিলেট গণপূর্ত জোন), সাবেক উপ বিভাগীয় প্রকৌশলী, সিলেট গণপূর্ত বিভাগে কর্মরত অবস্থায় সিলেটের পিজিরপুরস্থ মৃত্তিকা সম্পদ ইনসিটিউট ভবন নির্মাণ কাজে দায়িত্বে চরম অবহেলা এবং সরকারি বিধি বিধান লংঘন করেন। সে কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (এ) ও (বি) অনুযায়ী “অদক্ষতা” ও “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং ব্যক্তিগত শুনানি গ্রহণাত্মে ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটির তদন্ত করার জন্য জনাব সৈয়দ ইসার হোসেন, পিসিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনসিটিউট কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাত্মে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং জবাবে তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন সঠিক নয় মর্মে পুনঃ তদন্তের অনুরোধ করেন। উক্ত জবাবের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ নুরুল আমিন কে পুনরায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে পুনরায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং তিনি জবাব দাখিল করেন। অভিযুক্ত কর্মকর্তার জবাব এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর

উপরিধি ৩ এর (সি) অনুযায়ী “চাকরি হতে অপসারণ” (Removal from service) গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-কে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে “চাকরি হতে অপসারণ” (Removal from service) গুরুদণ্ড আরোপের কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপরিধি ৩ এর (সি) অনুযায়ী জনাব এম.এ.মুনিম ওরফে মোঃ আব্দুল মুনিম-কে “চাকরি হতে অপসারণ” (Removal from service) করার গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি “চাকরি হতে অপসারণ” (Removal from service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাব সান্তুষ্ট অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব এম.এ.মুনিম ওরফে মোঃ আব্দুল মুনিম, নির্বাচী প্রকৌশলী, সিলেট গণপূর্ত জোন, (সাবেক উপ বিভাগীয় প্রকৌশলী, সিলেট গণপূর্ত বিভাগ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপরিধি (এ) ও (বি) অনুযায়ী “অদ্বিতীয়” ও “অসদাচরণ” এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর (৩) এর (সি) অনুযায়ী “চাকরি হতে অপসারণ” (Removal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০১১.২০১৬/৫৯—যেহেতু, জনাব এ, এইচ, এম আব্দুল মওদুদ, উপ বিভাগীয় প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম বিভাগ, রাজশাহীকে International Islamic University in Malaysia Master of Science in Manufacturing Engineering কোর্সে অংশগ্রহণের জন্য ০১-০৯-২০১২ তারিখ হতে ০১-০৮-২০১৫ পর্যন্ত মোট ৩ (তিনি) বছরের শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে তিনি ০১-০৯-২০১৫ তারিখ কর্মসূলে যোগদান না করে হংকং-এ City University of Hong kong এ পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণের জন্য পুনরায় ৩(তিনি) বছর ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। গণপূর্ত অধিদপ্তর হতে ২৬-০১-২০১৬ তারিখের ২৫.৩৬.০০০০.২১১.১১. ১৩৬.০৮.১২২ নম্বর স্মারকে ছুটি মঞ্জুর না করে তাকে কর্মসূলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু তিনি কর্মসূলে যোগদান না করে ক্রমাগতভাবে কর্মসূলে অনুপস্থিত থাকেন। সে কারণে তার বিকল্পে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপরিধি (বি) ও (সি) অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন” এর “অভিযোগে বিভাগীয় মামলা রূজু করে এ মন্ত্রণালয়ের ০৫-০৬-২০১৬ তারিখের ২৫.০১৮.০০৫.০০২. ০০.০১১.২০১৬-২১৮ সংখ্যক স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উভ কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং চাকরি হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেন। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যিকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য মোসাঃ সুরাইয়া বেগম (পরিচিতি নম্বর-৬৭৪৫), উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ০২-০৩-২০১৭ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিবুদ্ধে আনীত “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণিত হয়েছে বলে মতামত প্রদান করা হয়। অতঃপর অভিযুক্তকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবেও চাকরি হতে অব্যাহতি প্রদানের অনুরোধ করেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় অভিযুক্তের বিবুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপরিধি ৩ এর (ডি) অনুযায়ী “চাকরি হতে বরখাস্ত”(Dismissal from service) গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-কে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) গুরুদণ্ড আরোপের কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপরিধি ৩ এর (ডি) অনুযায়ী জনাব এ, এইচ, এম আব্দুল মওদুদ-কে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করার গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব এ, এইচ, এম আব্দুল মওদুদ-কে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাব সান্তুষ্ট অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব এ, এইচ এম আব্দুল মওদুদ, উপ বিভাগীয় প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম বিভাগ, কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপরিধি (বি) ও (সি) অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন” এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪এর (৩) এর (ডি) অনুযায়ী “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শহীদ উল্লা খন্দকার।

সচিব।

ভূমি মন্ত্রণালয়  
জরিপ শাখা-২

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৩ মাঘ ১৪২৪ / ৫ফেব্রুয়ারি ২০১৮

নং ৩১.০০.০০০০.০৮৯.৩৩.০০৬.১১.১৯—১৯৫৫ সনের প্রজাপ্তু বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাপ্তু আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্ত্বালিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	উপজেলার নাম	জেলার নাম
১	টোমচর	৯২	ভোলা সদর	ভোলা
২	হর্ণি	১০৫	ভোলা সদর	ভোলা
৩	পদ্মা মনসা	৫৮	বোরহানউদ্দিন	ভোলা
৪	তেরআনা	১০	বালকাঠী সদর	বালকাঠী
৫	মূরাসাতা	২৫	বালকাঠী সদর	বালকাঠী
৬	গোবিন্দধবল	৯৯	বালকাঠী সদর	বালকাঠী
৭	বিকনা	১০৭	বালকাঠী সদর	বালকাঠী
৮	চাঁদ কাটী	১৪০	বালকাঠী সদর	বালকাঠী
৯	বালকাটী	১৪১	বালকাঠী সদর	বালকাঠী
১০	সঙ্গীত কাটী	১৮	নেছারাবাদ	পিরোজপুর
১১	চালিতাখালী	৭	পিরোজপুর সদর	পিরোজপুর
১২	ভোরা	৯	পিরোজপুর সদর	পিরোজপুর
১৩	দক্ষিণ জীবহাম	২৩	পিরোজপুর সদর	পিরোজপুর
১৪	পুখুরিয়া	৩১	পিরোজপুর সদর	পিরোজপুর
১৫	চুঙ্গাপাশা	৩৬	পিরোজপুর সদর	পিরোজপুর
১৬	রায়েরকাটী	৪৩	পিরোজপুর সদর	পিরোজপুর
১৭	দেওনাখালী	৫৬	পিরোজপুর সদর	পিরোজপুর
১৮	কুমিরমারা	৫৭	পিরোজপুর সদর	পিরোজপুর
১৯	বানবানিয়া	১	নাজিরপুর	পিরোজপুর
২০	মালীখালী	৩	নাজিরপুর	পিরোজপুর
২১	কালাইয়া	৪	আগেলবাড়া	বরিশাল
২২	পূর্ব গোয়াইল	১০	আগেলবাড়া	বরিশাল
২৩	উত্তর সাজরিয়া	১৩	আগেলবাড়া	বরিশাল
২৪	ভাটৱা	১৯	আগেলবাড়া	বরিশাল
২৫	ডুমুরিয়া	২২	আগেলবাড়া	বরিশাল
২৬	দক্ষিণ বড়মগড়া	৩৬	আগেলবাড়া	বরিশাল
২৭	ব্রাক্ষণগাঁও	২২	গৌরনদী	বরিশাল
২৮	পশ্চিম সাওড়া	৪৮	গৌরনদী	বরিশাল
২৯	চর রমজানপুর	৫৬	গৌরনদী	বরিশাল
৩০	আশোকাটী	৬৩	গৌরনদী	বরিশাল
৩১	বিল্লগাম	৬৯	গৌরনদী	বরিশাল
৩২	পশ্চিম সরিপাবাদ	৭২	গৌরনদী	বরিশাল
৩৩	চাঁদপাশ কিসমত	৭০	বাবুগঞ্জ	বরিশাল
৩৪	শিবপাশা	৩	বরিশাল	বরিশাল
৩৫	রায়পাশা	১৬	বরিশাল	বরিশাল
৩৬	ধর্মাদি	১৭	বরিশাল	বরিশাল
৩৭	দক্ষিণ কড়াপুর	১৯	বরিশাল	বরিশাল
৩৮	খও দশহাজার বিঘা	৯০	বরিশাল	বরিশাল
৩৯	হরিণা ফুলিয়া	২৫	বরিশাল	বরিশাল
৪০	কোদালিয়া	৮১	বরিশাল	বরিশাল
৪১	গুয়াবাড়ীয়া	৫৪	হিজলা	বরিশাল

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুল মতিন  
যুগ্মসচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মৎস্য পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৪ জানুয়ারি ২০১৮

নং ৩৩.০০.০০০০.১৩৭.১৪.০০৮.১৬-১৯(১) — বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

#### সভাপতি

১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

#### সদস্যবৃন্দ

২। যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৩। যুগ্মসচিব (বু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর।

৫। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউট।

৬। উপ-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৭। কার্যক্রম বিভাগের একজন প্রতিনিধি।

৮। অর্থ বিভাগের একজন প্রতিনিধি।

৯। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন প্রতিনিধি।

১০। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন প্রতিনিধি।

১১। গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি।

১২। সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

#### সদস্য সচিব

১৩। প্রকল্প পরিচালক, “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন” প্রকল্প।

#### ২। কমিটির কার্যপরিধি:

- ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও প্রকল্প পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;
- খ) প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা বাজেট অনুমোদন ;
- গ) প্রকল্পের প্রয়োজনে পলিসি গাইডেস ও সুপারিশ প্রদানসহ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ;
- ঘ) প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য কমিটি বছরে কমপক্ষে তিনবার বা যথেন্দ্রিন প্রয়োজন তখন সভায় মিলিত হবে ;
- ঙ) কমিটি প্রকল্পের স্বার্থে প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

নং ৩৩.০০.০০০০.১৩৭.১৪.০০৮.১৫-১৯(২) — বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশ বিনুক ও শামুক সংরক্ষণ, পোনা উৎপাদন এবং চাষ” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলোঁ :

#### সভাপতি

১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

#### সদস্য বৃন্দ

২। অতিরিক্ত সচিব (মৎস্য) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৩। যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর।

৫। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউট।

৬। উপ-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৭। কার্যক্রম বিভাগের একজন প্রতিনিধি।

৮। অর্থ বিভাগের একজন প্রতিনিধি।

৯। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন প্রতিনিধি।

১০। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন প্রতিনিধি।

১১। সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

#### সদস্য সচিব

১২। প্রকল্প পরিচালক, “বাংলাদেশে বিনুক ও শামুক সংরক্ষণ, পোনা উৎপাদন এবং চাষ” প্রকল্প।

#### ২। কমিটির কার্যপরিধি:

- ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও প্রকল্প পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;
  - খ) প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা বাজেট অনুমোদন ;
  - গ) প্রকল্পের প্রয়োজনে পলিসি গাইডেস ও সুপারিশ প্রদানসহ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ;
  - ঘ) প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য কমিটি বছরে কমপক্ষে তিনবার বা যথেন্দ্রিন প্রয়োজন তখন সভায় মিলিত হবে ;
  - ঙ) কমিটি প্রকল্পের স্বার্থে প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলোঁ।

নং ৩৩.০০.০০০০.১৩৭.১৪.০০৭.১৪-১৯(৩) — বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন “চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত সদস্যগণের সময়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলোঃ

### সভাপতি

১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

### সদস্যবৃন্দ

২। অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৩। যুগ্ম প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর।

৫। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউট

৬। উপপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৭। কার্যক্রম বিভাগের একজন প্রতিনিধি।

৮। অর্থ বিভাগের একজন প্রতিনিধি

৯। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন প্রতিনিধি।

১০। বাস্তবায়ন পরীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন প্রতিনিধি।

১১। সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

### সদস্য সচিব

১২। প্রকল্প পরিচালক “চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ” প্রকল্প।

২। কমিটি'র কার্যপরিধি :

- ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও প্রকল্প পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;
- খ) প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট অনুমোদন ;
- গ) প্রকল্পের বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পর্যবেক্ষণ ;
- ঘ) প্রকল্পের প্রয়োজনে পলিসি গাইডেস ও সুপারিশ প্রদানসহ প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ;
- ঙ) প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য কমিটি বছরে কমপক্ষে তিনবার বা যখন প্রয়োজন তখন সভায় মিলিত হবে ;
- চ) কমিটি প্রকল্পের স্বার্থে প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

মাহমুদা মাসুম  
সহকারী প্রধান।

শিল্প মন্ত্রণালয়  
স্বাস্থ্য ও পুরোপুরি শাখা  
আদেশ

তারিখ ৪ জুন, ২০১৮/০২ ফাল্গুন ১৪২৪

নং ৩৬.০০.০০০০.০৬৫.০৮.০০৮.১৩(অংশ-৫)৭৩—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত “মহিলা শিল্পোদ্যোগা উন্নয়ন কর্মসূচি (উইডিপি)” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৪ (চার) ক্যাটাগরির ৮৫ (পঁচাশি) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৮ হতে ৩১-০৫-২০১৯ তারিখ পর্যন্ত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনফ্ল
(১)	(২)	(৩)	(৪)
১.	হিসাব রক্ষক তথা কোষাধ্যক্ষ	০৬ (ছয়) টি	টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)
২.	কর্মপিক তথা-মুদ্রাক্ষরিক	৫৪ (চুয়ান) টি	টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)
৩.	গাড়ী চালক	০১(এক) টি	টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)
৪.	পিয়ান/গার্ড	২৪ (চুবিশ) টি	টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)

মোট : ৪ (চার) ক্যাটাগরির ৮৫ (পঁচাশি) টি পদ

### শর্তসমূহ :

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঢ়বিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) ক্রমিক নং-৩ গাড়ী চালক এবং ক্রমিক নং-৪ পিয়ান/গার্ড পদধারীদের স্বেচ্ছায় অবসর গ্রহণ, মৃত্যুবরণ, চাকরিচূড়ি বা অন্য কোন কারণে পদ শূন্য হলে উক্ত শূন্য পদ প্ররোচনে ক্ষেত্রে অর্থ বিভাগের ১০-০৬-২০০৯ খ্রি: তারিখের অম/বি/ব্যঃনিঃ-৬/বিবিধ-২/২০০৯-২০০ নং আরকের মাধ্যমে প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে;

(গ) এতদসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৩-২০১৬ খ্রি: তারিখের ০৫.১৬০.০১৫.০০.০০৮.২০১৪-৪৭ এবং অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-২, শাখা-১৪ এর ১৯-০৫-২০১৬ খ্রি: তারিখের ০৭.১১৪.০১৪.৩৬.০০.০০২.২০১৫-৪৭ নম্বর আরকের সকল শর্তাদি প্রতিপালন করতে হবে; এবং

(ঘ) এতদবিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

মোঃ রেজাউল করিম  
সিনিয়র সহকারী সচিব।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

কোম্পানী-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৮ / ১৯ মাঘ ১৪২৪

নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০০৮.১৪-৫০—যেহেতু, বাংলাদেশ সিভিল সার্ভিস (টেলিকমিউনিকেশন্স)-এর সদস্য জনাব জাকির মাহমুদ, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), গোড়ান, খিলগাঁও, ঢাকা-এর বিরক্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও অতিরিক্ত “দুর্নীতির” অভিযোগে বিভাগীয় মামলা রঞ্জু করা হয়; এবং

যেহেতু, সমুদয় পদ্ধতিগত আনুষ্ঠানিকতা অনুসরণপূর্বক জনাব জাকির মাহমুদ, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) মোতাবেক “অসদাচরণ” এর অপরাধে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(৩)(এ) বিধি মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপন নং-১৪.০০.০০০০.০০৮.২৭.০০৮.১৪-৪০৮ তারিখ ১৬ আশ্বিন ১৪২২/০১ অক্টোবর ২০১৫ মূলে তার মূল পদ উপ-বিভাগীয় প্রকৌশলী হতে সহকারী বিভাগীয় প্রকৌশলী পদে ০২ (দুই) বছরের জন্য পদাবনমিত করার দণ্ডদেশ আরোপ করা হয়; এবং

যেহেতু, উক্ত দণ্ডদেশ পরিপ্রেক্ষিতে জনাব জাকির মাহমুদ-কে নিম্নপদে পদায়ন করা হয় এবং তিনি পদাবনমিত পদে বেতন-নির্ধারণপূর্বক বেতন-ভাতাদি আহরণ করেছেন; এবং

যেহেতু, জনাব জাকির মাহমুদ-এর উপর আরোপিত দণ্ডদেশের ২(দুই) বছর মেয়াদ ইতিমধ্যে অতিবাহিত হয়েছে এবং তিনি পদাবনমিত পদে সম্পূর্ণ মেয়াদে কর্মকাল সম্পন্ন করেছেন; এবং

যেহেতু, জনাব জাকির মাহমুদ, এখনও পদাবনমিত পদে কর্মরত থাকায়, তার মূল পদে পদায়নের আবেদন করেছেন;

সেহেতু, বাংলাদেশ সিভিল সার্ভিস (টেলিকমিউনিকেশন্স)-এর সদস্য জনাব জাকির মাহমুদ পূর্বোক্ত দণ্ডদেশের মেয়াদ শেষান্তে অর্থাৎ ০১ অক্টোবর, ২০১৭ তারিখ হতে তার মূল পদ অর্থাৎ “উপ-বিভাগীয় প্রকৌশলী” পদে জাতীয় বেতন ক্ষেত্রে, ২০১৫ এর ৪৩,০০০-৬৯৮৫০ টাকা ক্ষেত্রে (জাতীয় বেতন ক্ষেত্রে, ২০০৯ এর ২২,২৫০-৩৩,৭৫০ টাকা) প্রত্যাবর্তন করবেন। তিনি দণ্ডিত সময়ের বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন না এবং বর্তমান কর্মসূলেই উপ-বিভাগীয় প্রকৌশলী বা সমপদের বিপরীতে কর্মরত থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

নুসরাত আইরিন  
সিনিয়র সহকারী সচিব।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা বিআরটি শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৩৫.০০.০০০০.০৮৫.০৫.০০১.১৫-০৯—Dhaka Bus Rapid Transit Company Limited (Dhaka BRT) এর Articles of Association (AoA) এবং Memorandum of Association (MoA) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সমন্বয়ে পরিচালনা পর্যবেক্ষণ পুনর্গঠন করা হল :

ক্রম	কর্মকর্তা	পদবি
১.	জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	চেয়ারম্যান
২.	জনাব মুরাদ রেজা, অতিরিক্ত এ্যাট্রনি জেনারেল, বাংলাদেশ	পরিচালক
৩.	জনাব ইবনে আলম হাসান, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর	পরিচালক
৪.	জনাব সৈয়দ আহমদ নির্বাহী পরিচালক, ডিটিসিএ	পরিচালক
৫.	জনাব আব্দুর রউফ তালুকদার অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ	পরিচালক
৬.	জনাব আলীম উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	পরিচালক
৭.	প্রফেসর ডঃ ফরিদা নিলুফার, ডীন, আর্কিটেকচার ও প্লানিং অনুমদ, বুয়েট	পরিচালক
৮.	জনাব কে.এম রাহাতুল ইসলাম প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন	পরিচালক
৯.	জনাব মোঃ মাহবুবুল আলম সহ-সভাপতি, এফবিসিসিআই	পরিচালক
১০.	জনাব দেওয়ান নুরুল ইসলাম এফসিএ, প্রেসিডেন্ট, আইসিএবি	পরিচালক
১১.	জনাব খন্দকার এনায়েত উল্যাহ মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি	পরিচালক
১২.	জনাব মোঃ সানাউল হক, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ (অতিরিক্ত দায়িত্ব)	ব্যবস্থাপনা পরিচালক

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোছাম্মাত ফারহানা রহমান  
সিনিয়র সহকারী সচিব।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়]

### পর্যটন শাখা-১

#### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৮১.২০০৩-৫৮—গণপ্রজাতন্ত্রী  
বাংলাদেশ সরকার, জনাব মো: নজিরুর রহমান, প্রাক্তন চেয়ারম্যান,  
জাতীয় রাজস্ব বোর্ড এর স্থলে জনাব মো: মোশাররফ হোসেন ভূঁইয়া,  
এনডিসি, বর্তমান চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড-কে পুনরাদেশ না  
দেওয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর  
পরিচালনা পর্যন্তে পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে  
কার্যকর হইবে।

#### রাষ্ট্রপতির আদেশক্রমে

অঙ্গনা খান মজলিশ  
উপসচিব।

#### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৫.২০০৩-৫৯—গণপ্রজাতন্ত্রী  
বাংলাদেশ সরকার, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের  
প্রাক্তন চেয়ারম্যান জনাব মো: নজিরুর রহমান এর স্থলে বর্তমান  
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব মো: মোশাররফ হোসেন  
ভূঁইয়া-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্যন্তে  
পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করিলেন।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে  
কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
অঙ্গনা খান মজলিশ  
উপসচিব।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।]

#### প্রজ্ঞাপন

তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৮১.২০০৩.৬৪—গণপ্রজাতন্ত্রী  
বাংলাদেশ সরকার, জনাব মো: আতিকুর রহমান, ১৫৭-আইডিয়াল  
পয়েন্ট, ফ্ল্যাট-৯/সি, শান্তিনগর, ঢাকা এর স্থলে জনাব মো: জাফরুল  
ইসলাম, প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা, MENS LOGISTICS,  
বাড়ি-৭৭ (৩য় তলা), এভিনিউ-৩, রোড-১১ (নতুন), মিরপুর,  
ডিওইচএস-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল  
লিমিটেড (হিল) এর পরিচালনা পর্যন্তে পরিচালক পদে নিয়োগ প্রদান  
করিলেন।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে  
কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
অঙ্গনা খান মজলিশ  
উপসচিব।

বিমান শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ জানুয়ারি, ২০১৮

নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০০৫.১৬-১১৯—অন লাইন টিকেটিং  
৩০% করতে হলে কি প্রক্রিয়ায় করা সম্ভব সে বিষয়ে সুপারিশ  
প্রণয়নপূর্বক প্রতিবেদন দাখিলের লক্ষ্যে নিম্নলিখিতভাবে একটি  
কমিটি গঠন করা হলো:

#### আহবায়ক

০১. যুগ্ম-সচিব (বিমান), এ মন্ত্রণালয়

#### সদস্যবৃন্দ

০২. প্রধানমন্ত্রীর কার্যালয়ের এট্রাইআই এর একজন কর্মকর্তা

০৩. প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

০৪. প্রতিনিধি, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

#### ২। কার্যপরিধি:

(ক) অন লাইন টিকেটিং ৩০% করতে হলে কি প্রক্রিয়ায়  
করা সম্ভব তা নির্ধারণ;

(খ) কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন  
মন্ত্রণালয়ে দাখিল করবে।

(গ) বিবিধ।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন  
অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০০৫.১৭-১৩৫—২০১৮ খ্রি/

১৪৩৯ হিজরী সালের হজযাতীদের জন্য ঢাকা-জেদা/মদিনা-ঢাকা  
রুটে বিমান ভাড়া যুক্তিসংতোষভাবে নির্ধারণের লক্ষ্যে নিম্নলিখিতভাবে  
একটি কমিটি গঠন করা হলো :

#### আহবায়ক

০১. এয়ার মার্শাল মোহাম্মদ ইনামুল বারী, বিবিপি, এনডিইউ,  
পিএসি, চেয়ারম্যান, বিমান পরিচালনা পর্যন্ত

#### সদস্যবৃন্দ

০২. জনাব নূর ই খোদা আব্দুল মবিন, এফসিএ, পরিচালক,  
বিমান পরিচালনা পর্যন্ত

০৩. অতিরিক্ত সচিব (পরিকল্পনা), এ মন্ত্রণালয়

০৪. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ  
এয়ারলাইন্স লিমিটেড

০৫. যুগ্ম-সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

০৬. পরিচালক (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

০৭. প্রতিনিধি, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স

০৮. প্রতিনিধি, হাব

০৯. প্রতিনিধি, আটাব

## ২। কার্যপরিধি:

- (ক) ২০১৮ খ্রি/১৪৩৯ হিজরী সালের হজ্জযাত্রাদের জন্য ঢাকা-জেদা/মদিনা-ঢাকা রুটে বিমান ভাড়া বৃদ্ধির বিষয়টি পর্যালোচনা ও ভাড়া যুক্তিসংতোষভাবে নির্ধারণপূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণ।

## ৩। বিবিধ।

৪। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৭ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৩০.০০.০০০০.০১৭.১৮.১০১.১৬-১৩৭—হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং বিমানের ফ্লাইট/ কার্গো হ্যাউলিং কার্যক্রম অনলাইনে মনিটরিং এর বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিতভাবে টেকনিক্যাল কমিটি গঠন করা হলো :

## আহবায়ক

০১. জনাব মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (পরিকল্পনা),  
এ মন্ত্রণালয়

## সদস্যবৃন্দ

০২. প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
০৩. প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
০৪. প্রতিনিধি, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

## সদস্য-সচিব

০৫. সহকারী প্রোগ্রামার, এ মন্ত্রণালয়

## ২। কার্যপরিধি:

- (ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং ফ্লাইট/কার্গো হ্যাউলিং কার্যক্রমের বিষয়সমূহ IP Camera এর মাধ্যমে অনলাইনে সচিবালয় হতে তদারকির জন্য সংশ্লিষ্ট যন্ত্রপাতিসহ আনুষঙ্গিক বিষয়াদির চাহিদা নির্ধারণ;

(খ) মন্ত্রণালয়/ সংস্থাওয়ারী বাজেট নির্ধারণ;

(গ) মন্ত্রণালয়/ সংস্থাসমূহের দায়িত্ব নিরূপণ/ নির্ধারণ;

(ঘ) কমিটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে।

## (ঙ) বিবিধ।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

৪। গত ১৮-০১-২০১৮ তারিখের ৩০.০০.০০০০.০১৭.১৮.১০১.১৬-৮৫ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নিম্নুকার জেসমিন খান

সিনিয়র সহকারী সচিব।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

শৃঙ্খলা অধিশাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৮/০২ ফাল্গুন ১৪২৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০৬.২০১৮-৬৬—যেহেতু, ডাঃ সৈয়দ মিনহাজ উদ্দিন আহমেদ (১২১৫৬৩), মেডিকেল অফিসার, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০২-১০-২০১০ খ্রি হতে ০৩ (তিনি) মাসের বিনা বেতনে অসাধারণ ছুটি নিয়ে গত ০২-০১-২০১১ খ্রি হতে বিনামূলিতে কর্মসূলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০২-০১-২০১১ খ্রি তাঁর সরকারি চাকরিতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১) এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ সৈয়দ মিনহাজ উদ্দিন আহমেদ (১২১৫৬৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার কর্মসূলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৩.০১.২০১৬ খ্রি হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০২-০১-২০১১ খ্রি হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন-ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

মোঃ সিরাজুল হক খান  
সচিব।

## নির্মাণ শাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০১৮

নং ৪৫.০০.০০০.১৬৭.৯৯.০১৯.১৮-৮১—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন মাদারীপুর জেলার ইসলামপুর উপজেলায় নির্মাণাধীন ইনসিটিউট অব হেলথ টেকনোলজির নাম “শেখ হাসিনা ইনসিটিউট অব হেলথ টেকনোলজি” হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০.১৬৭.৯৯.০১৯.১৮-৮২—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন মাদারীপুর জেলার শিবপুর উপজেলার নির্মাণাধীন ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম “চৌধুরী ফাতেমা বেগম মা ও শিশু কল্যাণ কেন্দ্র, দত্তপাড়া, শিবচর, মাদারীপুর” হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০.১৬৭.৯৯.০১৯.১৮-৮৩—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন মাদারীপুর জেলার শিবপুর উপজেলার দত্তপাড়ায় নির্মাণাধীন ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম “চৌধুরী ফাতেমা বেগম মা ও শিশু কল্যাণ কেন্দ্র, দত্তপাড়া, শিবচর, মাদারীপুর” হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০.১৬৭.৯৯.০১৯.১৮-৮৪—সাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাস্থ্য সেবা বিভাগাধীন মাদারীপুর জেলার শিপপুর উপজেলার বহেরাতলায় নির্মাণযোগ্য ১০ শয়াবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম “হাজী আবুল কাশেম উকিল মা ও শিশু কল্যাণ কেন্দ্র, বহেরাতলা (দক্ষিণ), শিবচর, মাদারীপুর” হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

#### রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলমগীর হোসেন  
সিনিয়র সহকারী সচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়

শৃঙ্খলা-১(১) অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৮.২০১৭-৭৪—জনাব দিলীপ কুমার বণিক (পরিচিতি নম্বর-৫৩২৫), জোনাল সেটেলমেন্ট অফিসার, যশোর হিসেবে গত ০১-০১-২০১২ হতে ২৩-০৮-২০১৪ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। তিনি উক্ত পদে কর্মকালে প্রজাস্থত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৪২(ক) বিধি লঙ্ঘন করে তথ্বকতার উপাদান না থাকা সত্ত্বেও ৬৬টি মৌজায় ৭৪টি মিস কেইস অবৈধভাবে রঞ্জু করে সম্পূর্ণ বেআইনিভাবে একই মামলার ২য় বার আপিল গ্রহণ করে নিষ্পত্তিকৃত মামলার পুনর্নিষ্পত্তি করেছেন। তিনি উক্ত বিধিমালার ৩০ বিধি সরাসরি লঙ্ঘন করে আপিলের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও নিজের ইচ্ছামত ১০টি উপজেলায় (যশোর সদর, ঝিকরগাছা, শার্শা, বিনাইদহ সদর, মহেশপুর, শৈলকুপা, মোহাম্মদপুর, নড়াইল সদর, লোহাগড়া ও কালিয়া) মোট ১৬২৪২টি আপিল কেস দায়েরের অনুমতি প্রদান করে জরিপ কাজের দীর্ঘস্থিতি স্থিতি করেছেন। তাছাড়া তিনি ১৯৩৫ সনের এসএস ম্যান্যালের ২৯৪ অনুচ্ছেদ অমান্য করত দুর্নীতির পথ প্রশস্ত করে জরিপ বিভাগের সুনাম ও ভাবমূর্তি ক্ষুঁগ করেন মর্মে অভিযোগ আনয়ন করা হয়। উক্ত অভিযোগের ভিত্তিতে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তার বিকল্পে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) (iv) ও ৩(বি) অনুযায়ী যথাক্রমে “অদক্ষতা (Inefficiency)” ও “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগে বিভাগীয় মামলা রঞ্জু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব দিলীপ কুমার বণিক ০৯-১১-২০১৭ তারিখে তার বিকল্পে আনীত অভিযোগ অঙ্গীকার করে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ১৩-১২-২০১৭ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিঅন্তে উক্ত বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় জনাব দিলীপ কুমার বণিক-এর বিকল্পে প্রজাস্থত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩০ বিধি সরাসরি লঙ্ঘন করে নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার পর এবং অধিকাংশ মামলায় সরকারি স্বার্থ না থাকা সত্ত্বেও ১০টি উপজেলায় বিধি বহির্ভূতভাবে মোট ১৬২৪২টি আপিল কেস দায়েরের অনুমতি প্রদান করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এ জন্য তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগে দণ্ড পাওয়ার যোগ্য;

যেহেতু, জনাব দিলীপ কুমার বণিক এর বিকল্পে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালার ৭(২)(বি) বিধির অনুসরণক্রমে ৪(২)(বি) বিধি অনুযায়ী “০১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিত (withholding of one increment for one year)” করার এবং তিনি ভবিষ্যতে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না মর্মে তাকে লঘুদণ্ড প্রদানের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সদয় সিদ্ধান্ত প্রদান করেন; এবং

সেহেতু, জনাব দিলীপ কুমার বণিক (পরিচিতি নং-৫৩২৫), প্রাত্নক জোনাল সেটেলমেন্ট অফিসার, যশোর বর্তমানে যুগ্মসচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর বিকল্পে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালার ৭(২) (বি) বিধির অনুসরণক্রমে ৪(২)(বি) বিধি অনুযায়ী “০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিত (withholding of one increment for one year)” করার লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

#### রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান  
সিনিয়র সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

[শুল্ক]

বিশেষ আদেশ

তারিখ, ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/০৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৯০/২০১৮/শুল্ক/৭৩—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-119(A) এবং Section-219(B) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মেসার্স আনন্দ শিপইয়ার্ড এড শিপওয়েজ লিঃ নামীয় প্রতিষ্ঠানের সম্পূর্ণ নির্মিত ০২(দুই)টি জাহাজ নির্মাণে ব্যবহৃত বড়ে পণ্যের বড়িং মেয়াদ নিম্নোক্ত শর্তে আদেশ জারির তারিখ হতে ০২(দুই) বছর বৃদ্ধি করার ক্ষেত্রে সম্মতি ডাপন করছে:

শর্তসমূহ :

- ক) প্রতিষ্ঠানটি তৎক্ষণ দায়েরকৃত রীট পিটিশন নং-২৪৬২/২০১৭ এবং ২৪৬১/২০১৭ প্রত্যাহার করবেন;
- খ) জাহাজ দুইটি ০২ (দুই) বছরের বর্ধিত বড়িং মেয়াদের মধ্যে অবশ্যই রঞ্চনি করতে হবে। উক্ত সময়ের মধ্যে রঞ্চনি করতে ব্যর্থ হলে প্রযোজ্য সমুদয় শুল্ক-করাদি সুদসহ পরিশোধ করতে হবে;
- গ) রঞ্চনি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত হতে হবে;
- (ঘ) রঞ্চনির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- ঙ) কাস্টমস বড কমিশনারেট, ঢাকা এর এতদসংশ্লিষ্ট বিচারাদেশ নং-০১/বড সার্কেল-১১৪/২০১৭, তারিখ : ০৮-০১-২০১৭ এবং বিচারাদেশ নং-০২/বড সার্কেল-১১৪/২০১৭, তারিখ : ০৮-০১-২০১৭, বর্ধিত বড়িং মেয়াদ উত্তীর্ণ হওয়া পর্যন্ত স্থগিত থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

এ.এফ.এম শাহরিয়ার মোল্লা  
সদস্য (শুল্ক: রঞ্চনি, বড ও আইটি)।

অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
প্রশাসন-৫ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৯.০০.০০০০.০৭৬.২৪.১৬৬.১৩-১১৫—ভারতের নয়দিল্লীতে বাংলাদেশ হাইকমিশনে অর্থ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাধীন একটি নতুন ইকনমিক উইং এতদ্বারা স্থাপন করা হলো। উক্ত উইং এর কার্যাবলি সম্পাদনের নিমিত্ত ইকনমিক কাউন্সেলের ১টি, প্রশাসনিক কর্মকর্তা এর ০১টি এবং গাড়িচালক-কাম-মেসেঞ্জার এর ০১টি পদ নিম্নোক্তভাবে সৃজন করা হলো :

ক্রমিক	পদের নাম	নির্ধারিত বেতন ক্ষেত্র (জাতীয় বেতনক্ষেত্র ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা
১।	ইকনমিক কাউন্সেলর	৪৩,০০০-৬৯,৮৫০/ (গ্রেড-৫মে)	০১ টি
২।	প্রশাসনিক কর্মকর্তা	স্বদেশভিত্তিক নিয়োগযোগ্য	০১ টি
৩।	গাড়ি চালক -কাম- মেসেঞ্জার	স্থানীয়ভিত্তিক নিয়োগযোগ্য	০১ টি

০২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরিনা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৪/২৭ ফেব্রুয়ারি ২০১৮

নং ৩৫.০০.০০০০.০২০.০২৭.০০৮.১৮.৭৫—বিআরটিএ'র উপপরিচালক (ইঞ্জিনিয়ার) জনাব মোঃ লোকমান হোসেন মোল্লা এবং সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ার) জনাব মোঃ সহিদুল ইসলাম এর বিরুদ্ধে দায়েরকৃত দ্রুত কমিশন সংক্রান্ত বিভাগীয় মামলা নিষ্পত্তি হওয়ায় এবং তাদের বিরুদ্ধে আর কোন বিভাগীয় মামলা বর্তমানে চলমান না থাকায় বিআরটিএ'র ১৮-০১-২০১৮ তারিখে বিআরটিএ/৫৬এ/ ৯০-২৪৩ নম্বর এবং একই তারিখের বিআরটিএ/৬১এ/৯০-২৪৪ নম্বর আরকন্দের সুপারিশের প্রেক্ষিতে এ বিভাগের ১৮-০৯-২০১১ তারিখের ৩৫.০২০.০২৭.০০.০০৬.২০১১-৫১৮ সংখ্যক স্মারকটি এতদ্বারা নির্দেশক্রমে প্রত্যাহার করা হল।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ কামরুল আহসান  
যুগ্ম-সচিব।

স্বাস্থ্য মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
মাদক-১ অধিশাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ১৯ মাঘ ১৪২৪ বৎসর ২০১৮ খ্রিঃ

নং ৫৮.০০.০০০০.০৬১.৩৫.০১২.২০১৮-৭৩—যেহেতু, মোহাম্মদ নাজমুল কবীর, সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত উপ-পরিচালক), জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, যশোর অবৈধভাবে ঘুষ গ্রহণ করায় দণ্ডবিধির ১৬১ ধারা এবং সরকারি কর্মচারি হিসেবে ক্ষমতার অপব্যবহার ও অসদাচরণ করে ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের (৫(২) ধারায় শাস্তিযোগ্য অপরাধের দায়ে যশোর কোত্তয়ালী মডেল থানায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক রূজুকৃত মামলায় (মামলা নং-১২, তারিখ-০৩-০১-২০১৮) তিনি গত ০৩-০১-২০১৮ তারিখ হতে কারাগারে রয়েছেন; এবং

২। যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ তারিখের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg-VII)-S-123/78/115(500) অনুযায়ী কোন কর্মচারী-কে ছেফতারের পর সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে;

৩। সেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ তারিখের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg-VII)-S-123/78/115(500) অনুযায়ী জনাব মোহাম্মদ নাজমুল কবীর, সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত উপ-পরিচালক), জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, যশোর-কে ০৩-০১-২০১৮ তারিখ হতে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৪। বাংলাদেশ সর্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি খোরাকি ভাতা প্রাপ্ত হবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী  
সচিব।

[ একই স্মারক ও তারিখে প্রতিষ্ঠাপিত পত্র ]

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জুন ২০১৫ খ্রিঃ

নং ৪৬.০৬৪.০২৮.৫৬.০৮.২৮২.২০১১-১০৫৪—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ও ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং এ বিভাগের ০৪-০৬-২০১৫ তারিখের ৭৮৩ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ পৌরসভার কার্য সম্পাদনে প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্নোক্ত ব্যক্তিকে ইতোপূর্বে গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত করা হলো :

## সদস্যবৃন্দ :

- (১) আলহাজ্ম মোঃ গিয়াস উদ্দিন চৌধুরী, পিতা-আলহাজ্ম মোঃ নূরল ইসলাম চৌধুরী, গ্রাম-পাটোয়ারী পাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ, জেলা-পঞ্চগড়।
- (২) জনাব নবন কুমার সাহা, পিতা-মৃত নরেশ চন্দ্র সাহা, গ্রাম-দেবীগঞ্জ বাজার, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ, জেলা-পঞ্চগড়।

- (৩) জনাব মোঃ নুর নেওয়াজ, পিতা-মোঃ আলহাজ্ব লুৎফর  
রহমান, গ্রাম-বাজার পাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-  
দেবীগঞ্জ, জেলা-পঞ্চগড়।
- (৪) জনাব মোঃ আবু বকর সিদ্দিক, পিতা-মৃত খোদা বক্র,  
গ্রাম-কাচারীপাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ,  
জেলা-পঞ্চগড়।
- (৫) মোছাই লুৎফা প্রধান, স্থামী-মোঃ সংগ্রাম প্রধান,  
গ্রাম-থানাপাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ,  
জেলা-পঞ্চগড়।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-  
বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ দেবীগঞ্জ পৌরসভার সার্বিক  
কর্মকাণ্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। এ  
বিভাগের ৩১-০৩-২০০২ তারিখের পৌর-৩/সম্মানী ভাতা-০২/৯৭/  
৩৭৮ নং পরিপত্র অনুযায়ী তাঁরা সম্মানী ভাতা প্রাপ্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিতুজ্জামান  
সিনিয়র সহকারী সচিব।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৩ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৫.০০.০০০০.০১৩.৯৯.০১৪.১৬-৫১—বাংলাদেশ সরকারী  
কর্ম কমিশনের সুপারিশ অনুযায়ী গণপূর্ত অধিদণ্ডের উপ-সহকারী  
প্রকৌশলী (সিভিল)গণের ২৩ ডিসেম্বর, ২০০৪ সালে (২০০৪  
সালের ৫২ নং গেজেটের ১ম খণ্ড) প্রকাশিত সম্মিলিত জ্যোষ্ঠতা  
তালিকার জ্যোষ্ঠতা ক্রমিক নম্বর পরিবর্তন না করে জনাব মোঃ খলিল  
উদ্দিন সরকার এর নাম জ্যোষ্ঠতা ক্রমিক নম্বর ৫৪৫/১ হিসেবে  
অন্তর্ভুক্ত করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোসাঃ সুরাইয়া বেগম  
উপসচিব।